

কারিগরি শিক্ষায় সহযোগিতায় আগ্রহী বাংলাদেশ-পাকিস্তান

নিজস্ব প্রতিবেদক

২২ জুন ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

কারিগরি, বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের উন্নয়নে একসঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ ও পাকিস্তান। গতকাল রবিবার সচিবালয়ে শিক্ষামন্ত্রী ড. আনাম হুসেইন এহছানুল হক মিলনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার। এ সময় দুই দেশের কারিগরি শিক্ষায় সহযোগিতা নিয়ে আলোচনা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের অফিসকক্ষে অনুষ্ঠিত বৈঠকে দুই দেশের শিক্ষা খাতের উন্নয়ন, দক্ষ মানবসম্পদ গঠন এবং কারিগরি শিক্ষার সম্প্রসারণ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে উভয় পক্ষই কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে আরও আধুনিক ও কর্মমুখী করতে পারস্পরিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন।

শিক্ষামন্ত্রী ড. এহছানুল হক মিলন বলেন, বর্তমান সরকার দেশের বিশাল জনসংখ্যাকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের লক্ষ্যে কাজ করছে। এ লক্ষ্য বাস্তবায়নে শিক্ষাক্রমে কারিগরি শিক্ষার অন্তর্ভুক্তি ও সম্প্রসারণে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে সহযোগিতার ব্যাপক সুযোগ রয়েছে। জবাবে পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার বলেন, শিক্ষা উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ ও পাকিস্তান ইতোমধ্যে একসঙ্গে কাজ করছে। বিশেষ করে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে অভিজ্ঞতা বিনিময় এবং সহযোগিতা আরও জোরদারের সুযোগ রয়েছে। তিনি বাংলাদেশি প্রতিনিধিদের পাকিস্তানের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনের আমন্ত্রণ জানান। পাশাপাশি শিক্ষাক্ষেত্রে বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগ ও সংস্কার কার্যক্রমেরও প্রশংসা করেন।

বৈঠক শেষে পাকিস্তানের হাইকমিশনার বাংলাদেশের স্কুল ও কলেজ শিক্ষার্থীদের জন্য এক হাজার ফুটবল শিক্ষামন্ত্রীর হাতে তুলে দেন। বৈঠকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব আবদুল খালেক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল এবং পাকিস্তানের ডেপুটি হাইকমিশনার মুহাম্মদ ওয়াজিফ উপস্থিত ছিলেন।